



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং -১৫

০১ জ্যৈষ্ঠ ১৪৩০

তারিখ: -----

১৫ মে ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি প্রদানে অনুসরণীয় নীতিমালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং ১৮ তারিখ ২৪ ডিসেম্বর ২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক খাতে শৃঙ্খলা, সুশাসন এবং ব্যাংক ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে ব্যাংকের প্রধান নির্বাহী এবং অধস্তন অন্যান্য চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে বয়সসীমার অসমতা দূরীকরণার্থে চুক্তিভিত্তিক নিযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণের বয়সসীমা ৬৫ (পঁয়ষট্টি) বছরে নির্ধারণ করা হয়। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারের মাধ্যমে বেসরকারি ব্যাংকের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স নির্ধারণের ক্ষেত্রে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য অবসর গ্রহণের বয়সসীমার সাথে সামঞ্জস্য রেখে স্থায়ী ব্যাংকের অবসর গ্রহণের বয়স সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। এক্ষণে, এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, কতিপয় ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়মিত চাকুরির মেয়াদ সম্পন্ন হওয়ার পর তাদের মধ্য হতে কোনো কোনো কর্মকর্তা/কর্মচারীকে চুক্তিভিত্তিক নিযুক্তির ক্ষেত্রে তাঁদের নিয়মিত চাকুরিকালীন জমাকৃত পূর্বতন প্রভিডেন্ট ফান্ডের উপর সুদ হিসাবায়ন অব্যাহত রাখা হয়েছে। তাছাড়া চুক্তিভিত্তিক সময়কেও নিয়মিত চাকুরির সময়ের সাথে যোগ করে সর্বমোট চাকুরির মেয়াদ গণনাপূর্বক তার ভিত্তিতে প্রাপ্ত সর্বশেষ বেতনের অর্থকে ভিত্তি ধরে গ্র্যাচুইটি বাবদ অর্থ পরিশোধ করা হচ্ছে; যা বিধি অনুযায়ী কোনোভাবেই প্রাপ্য নয়।
- ০৪। বর্ণিত প্রেক্ষাপটে ব্যাংক খাতে অধিকতর শৃঙ্খলা এবং সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকে কর্মরত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের নিয়মিত চাকুরিকাল সমাপ্ত করার পর ব্যাংকের অত্যাবশ্যিক প্রয়োজনে পুনরায় চুক্তিভিত্তিক নিযুক্তির ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি বাবদ প্রাপ্যতা নির্ধারণে এখন থেকে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:
- (ক) ব্যাংকে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়মিত চাকুরিকাল সমাপ্ত হওয়ার পর চূড়ান্ত অবসরের সময় বিদ্যমান নীতিমালা অনুসরণপূর্বক প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি বাবদ প্রাপ্য অর্থ সম্পূর্ণ পরিশোধ করতে হবে;
- (খ) চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীগণের জন্য কোনো প্রভিডেন্ট ফান্ড সৃষ্টির প্রয়োজন নেই এবং তারা এরূপ সুবিধা প্রাপ্য হবেন না;
- (গ) চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী নতুন করে কোনো গ্র্যাচুইটি সুবিধা প্রাপ্য হবেন না।
- ০৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন-৯৫৩০০৯৫